ইত্তেফাক

020

তারিখ ২০।১।৮২
পৃষ্ঠা



# প্রফেসর ডঃ আশরাফুল হকের ইন্তেকাল

কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ, ১৯শে জানুয়ারী (নিজস্ব সংবাদদাতা)—উপমহাদেশের প্রখ্যাত বিজ্ঞানী প্রফেসর ডঃ আশরাফুল হক রিউমাটয়েড আর্থরাইটিসে আক্রান্ত হইয়া আজ সকাল দশটায় কৃষি বিশ্ববিদ্যালয়স্থ বাস ভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন (ইন্নালিল্লাহে ... ... রাজেউন)। মৃত্যুকালে তাঁহার বয়স হইয়াছিল ৬৩ বৎসর।

প্রফেসর হক ১৯৬৪ সালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে উদ্ভিদ বিজ্ঞান বিভাগে প্রফেসর হিসাবে যোগদান করেন। পূর্বে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় ও অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে কর্মরত ছিলেন। তিনি লণ্ডন বিশ্ববিদ্যালয় হইতে ১৯৫২ সালে পিই এ.চডি ডিগ্রীলাভ করেন। এ ছাড়াও তিনি জাপানের রেডিও আইসোটোপ স্কুল হইতে সার্টিফিকেট প্রাপ্ত হন। সম্প্রতি তিনি ভারতে বেনারস বিশ্ববিদ্যালয়ে ভিজিটিং প্রফেসর হিসাবে দায়িত্ব পালন করেন। প্রাফেসর হক বিভিন্ন সময়ে কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের দায়িত্ব পালন করেন। তাঁহার আন্তর্জাতিক মানের বৈজ্ঞানিক প্রকাশনার সংখ্যা প্রায় ৩০ খানি। সাইটোলজিতে বিশেষ অবদানের জন্য তিনি বিশ্বের বিজ্ঞানী মহলে সুপরিচিত।

প্রফেসর হকের মৃত্যুতে কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ডঃ আবুল কালাম মোহাম্মদ আমিনুল হক গভীর শোক প্রকাশ করিয়াছেন।